৮।৭।২০০০

দৈনিক জনকণ্ঠ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরবের ৮০ বছর ॥ আজ থেকে দু'দিনব্যাপী অনুষ্ঠানমালা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ বাংলাদেশের যা কিছু অর্জনের, যা কিছু গৌরবের তার সব কিছুতেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান– এটা অনস্বীকার্য। এ জাতির যে কোন সঙ্কটে ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল নেতৃত্বের ভূমিকায়। সমগ্র জাতির আশা-আকাঙ্ক্ষার মূর্ত প্রতীক, ভালবাসার এক অবিনশ্বর পুষ্প, বিবেকের ঠিকানা, সর্বোপরি দেশ বিনির্মাণের এক নীরব কারিগর সুখ-দুঃখের অনেক স্মৃতিকে ধারণ করে গত ১ জুলাই পদার্পণ করেছে ৮০ বছরে। গৌরব আর ঐতিহ্যে সমৃদ্ধ এই বিশ্ববিদ্যালয়ের ৮০ বছর উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ বৃহস্পতিবার এবং

(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পাতার পর)

আগামীকাল শুক্রবার আয়োজন করেছে দু'দিনব্যাপী অনুষ্ঠানমালার। ক্যাম্পাসের সর্বত্রই তাই ছড়িয়ে পড়েছে উৎসবের আমেজ।

১৯১৮ সালে তৎকালীন ব্রিটিশ শাসকরা এদেশে বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রথম উদ্যোগ নেয়। নানা বাধা-বিপত্তি এবং প্রতিকূলতা অতিক্রম করে ১৯২১ সালের ১ জুলাই আনুষ্ঠানিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় তার অগ্রযাত্রা শুরু করে।

দু'দিনব্যাপী অনুষ্ঠানমালার শুরুতে আজ সকাল ১০টায় ছাত্র শিক্ষক কেন্দ্রের সম্মুখে উন্মুক্ত চত্বরে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয় ও সকল হলের পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠামালার শুভ উদ্বোধন করা হবে।

অনুষ্ঠানের প্রধান অতিথি জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী, দু'দিনব্যাপী অনুষ্ঠানমালার আওতায় থাকছে ছাত্রশিক্ষক কেন্দ্র মিলনায়তনে স্মৃতিচারণ, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়া উভয় দিন বিশ্ববিদ্যালয়ের সকল হল, বিভাগ, ইনস্টিটিউট, গবেষণাগার, লাইব্রেরী, শারীরিক শিক্ষাকেন্দ্র, মেডিক্যাল সেন্টার, কেন্দ্রীয় লাইব্রেরী এবং অফিসসমূহ বর্তমান ও সাবেক ছাত্রছাত্রী অভিভাবকদের জন্য উন্মুক্ত রাখা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করবেন কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম, অধ্যাপক সরদার ফজলুল করিম, অধ্যাপক মুহতাশাম হোসেন রেজিস্ট্রার মুহম্মদ সেলিম। এতে সভাপতিত্ব করবেন উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী। বিকাল পাঁচটায় ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান। আগামীকাল টিএসসিতে স্মৃতিচারণ অনুষ্ঠান সকালের পর্বে। বিকালের পর্বে রয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠানমালা আয়োজনের পাশাপাশি বিভিন্ন হল, বিভাগ, ইনস্টিটিউট ভিন্ন ভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করেছে কেন্দ্রীয় আয়োজনের সঙ্গে সঙ্গতি রেখেই। বিশ্ববিদ্যালয়ের নবপ্রতিষ্ঠিত শান্তি সংঘর্ষ বিভাগ ব্যানার-ফেস্টুন ও প্ল্যাকার্ড তৈরি করে ক্যাম্পাসে সাড়া জাগিয়ে। আজ সকাল সাড়ে এগারোটায় এখানে উন্মুক্ত ফিল্ম প্রদর্শনীর আয়োজন করেছে। এই কর্মসূচী উদ্বোধন করবেন উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী।